দৈনিক বাংলা

তারিখ ... 09 SEP 1992 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

০৬

# প্রথম শ্রেণীর ইংরেজী বইয়ের নাম কি?

নিজস্ব সংবাদদাতা : ফেনী, ৭ সেপ্টেম্বর।— প্রাথমিক স্কুলের ৪২ জন শিক্ষকের কেউ বলতে পারেননি—প্রথম শ্রেণীর ইংরেজী বইয়ের নাম কি? বাংলা বই কে লিখেছেন? বাংলা বইতে প্রথম অনুচ্ছেদে কি আছে? বইতে বর্ণমালা কত পৃষ্ঠায়?

এই ঘটনা ঘটেছে গত ৫ সেপ্টেম্বর চৌদ্দগ্রাম উপজেলার আলকরা প্রাথমিক স্কুলে। ঐ দিন সেখানে আলকরা ইউনিয়নের প্রাথমিক স্কুল শিক্ষকদের ট্রেনিং চলছিল। ট্রেনিং—এ ইউনিয়নের ৭টি সরকারী ও ২টি বেসরকারী স্কুলের মোট ৪২ জন শিক্ষক অংশগ্রহণ করেন।

চৌদ্দগ্রাম থানা প্রাথমিক শিক্ষা অফিসার ইউসুফ আলী শিক্ষকদের আরো প্রশ্ন করেন এসএমসি (স্কুল ম্যানেজিং কমিটি)—এর বাংলা অর্থ কি এবং কিভাবে গঠিত হয়। শিক্ষকরা তাও বলতে পারেনি। অবশেষে শিক্ষা অফিসার একজন শিক্ষিকাকে বোর্ডে 'কঙ্কাল' বানান লিখতে নির্দেশ দেন। শিক্ষিকা সঠিক বানান লিখলেও শিক্ষা অফিসার তাকে পরীক্ষার জন্যে বলেন, এটা বুঝি ঠিক হলো? এবার সব শিক্ষক বলে উঠলেন, না।